পৃষ্ঠা ২০ 14 FEB 2017 ৪

# শ্রীপুরে শিক্ষক বহিষ্কার

**প্রতিনিধি, শ্রীপুর (গাজীপুর)**

গাজীপুরের শ্রীপুরে পরীক্ষা হলে নকল সরবরাহ করতে গিয়ে এক শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। তার নাম আবদুল্লাহ-আল হাছান। তিনি উপজেলার খোজেখানি উচ্চ বিদ্যালয়ের গণিতের শিক্ষক। রোববার মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) এর গণিত পরীক্ষা চলাকালে শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে থেকে তাকে বহিষ্কার করা হয়। শ্রীপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মাসুম রেজা জানান, ওই শিক্ষক পরীক্ষা চলাকালীন দায়িত্বরত ছিলেন। এ অবস্থায় এক ছাত্রকে নকল সরবরাহ করার সময় তাকে হাতেনাতে ধরে ফেলি। পরে তাকে সাময়িক বহিষ্কার এবং এ বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সব কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে। ওই শিক্ষকের বিরুদ্ধে শ্রীপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবদুল আউয়াল বিভাগীয় ব্যবস্থা গ্রহনের জন্য শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর লিখিত আবেদন করেছেন।